BANGLADESH
HI-TECH PARK
AUTHORITY

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
বিনিয়োগ শাখা
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
www.bhtpa.gov.bd

বিনিয়োগ অগ্রাধিকার

----

| | |
|---|---|
| সভাপতি | জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি<br>ব্যবস্থাপনা পরিচালক (গ্রেড-১) |
| সভার তারিখ | **৭ মার্চ, ২০২৪ খ্রিঃ** |
| সভার সময় | **১১.৩০ ঘটিকা** |
| স্থান | অনলাইন প্ল্যাটফর্মে (জুম অ্যাপ) |
| উপস্থিতি | জুম প্ল্যাটফরম |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য অনুমতি প্রদান করে একই সাথে উপস্থিত সকলকে পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন। "বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট" এ বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানের কার্যক্রম ও অগ্রগতির বিষয় বিস্তারিত জানানোর জন্য উপস্থিত বিনিয়োগকারী প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের অনুরোধ জানান।

**(ক) পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি: পূর্ববর্তী সভার সিদ্ধান্ত নিম্নরুপভাবে বাস্তবায়ন করা হয়েছেঃ**

| ক্র: | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তাবয়নহার |
|---|---|---|---|
| ১। | রহমানিয়া সুপার মার্কেট প্রতিষ্ঠানটিকে গ্যাস সংযোগ প্রদানের বিষয়ে জালালাবাদ গ্যাস কোম্পানী সিলেট কে অনুরোধ জানানো হবে। | গ্যাস সংযোগ প্রদানের বিষয়ে জালালাবাদ গ্যাস কোম্পানী সিলেটের অনুকূলে টাকা প্রদান এবং টেন্ডার কার্যক্রম চলমান। | ১০০ % |
| ২। | হেলথ ল্যান্ড মার্ক হোল্ডিং লিমিটেডকে জানুয়ারী, ২৪ ইং তারিখের মধ্যে নির্মাণ কার্যক্রম শুরু করতে হবে। | নির্মাণ কার্যক্রম শুরু হয়েছে এ সপ্তাহের মধ্যে ৬০টি ঢালাই কার্যক্রম সম্পন্ন হবে। | ১০০ % |
| ৩। | টুগেদার আইটি ইন্ডাস্ট্রিজ লিঃ প্রতিষ্ঠানটিকে এসআরও মোতাবেক সুবিধাদি গ্রহণের নিমিত্ত H.S code সহ আমদানিকৃতব্য পন্যের তালিকা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | প্রতিষ্ঠানটি H.S code সহ আমদানিকৃতব্য পন্যের তালিকা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করেছে। অত্রকার্যালয় হতে জাতীয় রাজস্ববোর্ডে তালিকা প্রেরণ করা হয়েছে। পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম চলমান। | ১০০ % |
| ৪। | ইএলবি লিমিটেড প্রতিষ্ঠান আগামী ২০ কার্যদিবসের মধ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অনুকূলে নতুন পরিকল্পনা দাখিল করবে। | নতুন পরিকল্পনা দাখিল করবে মর্মে আবেদন করেছে। | ১০০ % |
| ৫। | আইরিশ ইলেক্ট্রনিক্স লি: প্রতিষ্ঠানের অনুকূলে পুনরায় জমি বুঝিয়ে দিতে হবে এবং প্রতিষ্ঠানটি কাজ শুরু করার সাথে সাথে পানির লাইন সংযোগ দিতে হবে। | গত ২ ফেব্রুয়ারি, ২০২৪ আইরিশ ইলেক্ট্রনিক্স লি: এর প্রতিনিধির উপস্থিতিতে জমি সরেজমিনে বুজিয়ে দেয়া হয়েছে। কার্যক্রম শুরুর সাথে সাথে পানির লাইন সংযোগ সম্ভব হবে। | ১০০ % |
| ৬। | র‌্যাংগস ইলেকট্রনিক্স লিমিটেড প্রতিষ্ঠানকে গ্যাস সংযোগ প্রদানের বিষয়ে জালালাবাদ গ্যাস কোম্পানী সিলেট কে অনুরোধ জানানো হবে। | গ্যাস সংযোগ প্রদানের বিষয়ে জালালাবাদ গ্যাস কোম্পানী সিলেটের অনুকূলে টাকা প্রদান এবং টেন্ডার কার্যক্রম চলমান। | ১০০ % |

| | | | |
|---|---|---|---|
| ৭। | **ক।** Innotech Holdings Ltd. কে আগামী ০২ মাসের মধ্যে নির্মাণ কাজ শুরু করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল করা হবে।<br>**খ।** RBD Software & Technology Ltd. প্রতিষ্ঠানকে আগামী ০১ (এক) মাসের মধ্যে কার্যক্রম শুরু করতে হবে অন্যথায় বরাদ্দ বাতিল করা হবে। | ক) Innotech Holdings Ltd. প্রতিষ্ঠানটি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কার্যক্রম শুরু করেনি। প্রতিষ্ঠানটিকে সর্বশেষ ১৫ দিনের সময় দিয়ে পত্র দিতে বিষয় পুনরায় সিদ্ধান্ত হয়েছে।<br>খ) প্রতিষ্ঠানটির আবেদনের প্রেক্ষিতে বরাদ্দপত্র বাতিল হয়েছে। | ১০০ % |

**(খ) সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরুপ:**

| ক্র: | প্রতিষ্ঠানের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | রহমানিয়া সুপার মার্কেট | প্রতিষ্ঠানটির প্রতিনিধি জানান যে, বোর্ড ক্ল্যাব কাম রেস্টুরেন্ট ব্যবসা পরিচালনা করার জন্য ইতোমধ্যে ৩.৫০ কোটি টাকা বিনিয়োগ করেছে। প্রথম তলার ফ্লোর ডালাই শেষ হয়েছে ও ছাদ ঢালাই কার্যক্রম চলমান রয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। | রহমানিয়া সুপার মার্কেট |
| ২। | হেলথ ল্যান্ড মার্ক হোল্ডিং লিমিটেড | প্রতিষ্ঠানটির প্রতিনিধি জানান যে, তাদের নির্মাণ কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। বর্তমানে ফাউন্ডেশন (কলাম এর কার্যক্রম) এর তৈরির কার্যক্রম চলমান। কার্যক্রম দ্রুততারসাথে সমাপ্ত করা হবে। | নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। | হেলথ ল্যান্ড মার্ক হোল্ডিং লিমিটেড |
| ৩। | টুগেদার আইটি ইন্ডাস্ট্রিজ লিঃ | প্রতিষ্ঠানটির প্রতিনিধি জানান যে, তাদের নির্মাণ কার্যক্রম শুরু করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অনতিবিলম্বে নির্মাণ কার্যক্রম শুরু হবে। সভায় আলোচনা হয় প্রতিষ্ঠানটিকে মার্চ, ২০২৩ ইং তারিখের মধ্যে নির্মাণ কার্যক্রম শুর করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল করা হবে। | মার্চ, ২০২৪ এর মধ্যে নির্মাণ কার্যক্রম শুরু করতে হবে। | টুগেদার আইটি ইন্ডাস্ট্রিজ লিঃ |
| ৪। | ইএলবি লিমিটেড | প্রতিষ্ঠানটির প্রতিনিধি জানান, তাদের অনুকূলে বরাদ্দকৃত স্থানটিতে অত্যাধুনিক ডাটা সেন্টার স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছিলো কিন্তু বন্যার কারনে শেষ করা সম্ভব হয়নি। বর্তমানে তাঁরা বরাদ্দকৃত স্থানে নতুন প্রকল্প গ্রহণ করবে মর্মে সভায় জানান। অতিদ্রুত কর্তৃপক্ষের অনুকূলে কর্মপরিকল্পনা ও ড্রইং ডিজাইন দাখিল করবে। | ইএলবি লিমিটেড প্রতিষ্ঠানটিকে আগামী ১ মাসের মধ্যে নতুন কর্মপরিকল্পনার ড্রইং ডিজাইনসহ বিস্তারিত তথ্য দাখিল করতে হবে। | ইএলবি লিমিটেড |
| ৫। | আইরিশ ইলেক্ট্রনিক্স লি: | প্রতিষ্ঠানটির প্রতিনিধি জানান তাদের অনুকূলে সরেজমিন জমি হস্তান্তর করা হয়েছে। প্রতিষ্ঠানটি অতিদ্রুত নির্মাণ কার্যক্রম শুরু করবে। সভায় আলোচনা হয় প্রতিষ্ঠানটিকে এপ্রিলের, ২০২৪ এর প্রথম সপ্তাহের মধ্যে নির্মাণ কার্যক্রম শুর করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল করা হবে। | এপ্রিল, ২০২৪ এর প্রথম সপ্তাহের মধ্যে নির্মাণ কার্যক্রম শুরু করতে হবে। | আইরিশ ইলেক্ট্রনিক্স লি: |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | র‍্যাংগস ইলেকট্রনিক্স কোম্পানী লিমিটেড | প্রতিষ্ঠানটির প্রতিনিধি জানান তাদের নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে, প্রতিষ্ঠানটি মে/জুন এর মধ্যে উৎপাদনের কার্যক্রম শুরু করবে। তিনি আরোও জানান ইতোমধ্যে তাদের যন্ত্রপাতি স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। সভাকে অনুরোধ করেন যে, তাদের শেড এর পাশে বাউন্ডারি ওয়াল কিছুটা অরক্ষিত রয়েছে। অতিদ্রুত বাউন্ডারি ওয়াল নিয়ে কার্যক্রম পরিচালনা করার জন্য সভায় অনুরোধ করেন। এছাড়াও গ্যাস সংযোগ, বিদ্যুৎ সংযোগ ও বর্জ্য নিস্কাশন ব্যবস্থার বিষয় সভায় উল্লেখ করেন। | নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। গ্যাস সংযোগ ও বিদ্যুৎ সংযোগের বিষয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কারিগরি অনুবিভাগ) |
| ৭। | ইনোটেক হোলডিংস লিমিটেড এবং আরবিডি সফটওয়্যার অ্যান্ড টেকনোলজি লি:, | Innotech Holdings Ltd. অদ্যবধি কোন কাজ শুরু করে নাই। ইতোপূর্বে সভা আহবান করা হলেও প্রতিষ্ঠানটি অনুপস্থিত থাকে। সভায় আলোচনা হয় সর্বশেষ বারের মত ১৫ দিন সময় দিয়ে কার্যক্রম শুরু করার জন্য বলা যেতে পারে। নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম শুর না করলে বরাদ্দ বাতিল করা হবে। | Innotech Holdings Ltd. কে নির্মাণ কার্যক্রম শুরু করার জন্য ১৫ দিনের সময় দিয়ে পত্র দিতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল করা হবে। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |
| ৮। | বাহন ইকোমোবাইল লিমিটেড | বাহন ইকোমোবাইল লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জানান মার্চ, ২০২৪ ইং তারিখ হতে অফিসিয়াল কার্যক্রম শুর করবে। | বাহন ইকোমোবাইল লিমিটেড কে মার্চ, ২০২৪ ইং তারিখের মধ্যে অফিসিয়াল কার্যক্রম শুর করতে হবে। | বাহন ইকোমোবাইল লিমিটেড |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যত্রম সমাপ্ত করেন।



২০-০৩-২০২৪
জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
ব্যবস্থাপনা পরিচালক (গ্রেড-১)

তারিখ: ৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০২.০০০০.০০৭.১৬.০২২.১৮.১৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, Rangs Electronics Company Limited, সোনারতরী টাওয়ার (৪র্থ ও ৫ম তলা),১২, সোনারগাঁও রোড, শাহবাগ, ঢাকা।;
২। সভাপতি, হেলথ ল্যান্ড মার্ক হোল্ডিং লিমিটেড, বি/১৮, শ্রাবণী, পাঠানটোলা, সিলেট।;
৩। ব্যবস্থাপনা পরিচালক, রহমানিয়া সুপার মার্কেট, তালতলা, সিলেট।;
৪। ব্যবস্থাপনা পরিচালক, টুগেদার আইটি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, খলিতাজুরি বিলের পাড়, কোম্পানীগঞ্জ, সিলেট|;
৫। ব্যবস্থাপনা পরিচালক, ইএলবি লিমিটেড (সিসটার কনর্সান অফ ৬৩১২০৯৮), ২৩৩ বড় মগবাজার, ঢাকা-১২০৭।;
৬। চেয়ারম্যান, আইরিশ ইলেক্ট্রনিক্স লি:, স্টার সেন্টার, ৪র্থ তলা, প্লট নং -০২, রোড নং ১৩৮, গুলশান-০১, ঢাকা।;
৭। ব্যবস্থাপনা পরিচালক, ইনোটেক হোলডিংস লিমিটেড, ব-১/4, দক্ষিণ বাড্ডা, ঢাকা।;
৮। ব্যবস্থাপনা পরিচালক, বাহন ইকোমোবাইল লিমিটেড, ২৬, শ্যামলী, বীর উত্তম এ.ডাব্লিউ, চৌধুরী রোড (মিরপুর রোড), ঢাকা-১২০৭, বাংলাদেশ।;
৯। পরিচালক, কারিগরি অনুবিভাগ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ;
১০। উপসচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
১১। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
১২। কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী, মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার অধিশাখা , বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ;

১৩। কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী, মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার অধিশাখা , বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এবং
১৪। রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার অধিশাখা , বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ।

২১-০৩-২০২৪
শাহরিয়ার আল হাসান
সহকারী পরিচালক (বিনিয়োগ)